



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
জেলা সমবায় কার্যালয়, খুলনা
coop.khulna.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন

নম্বর: ৪৭.৬১.৪৭০০.০০০.৩৩.১৬৭.২০.১৩১২

১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ঝালতলা মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং-১৪৩/ডু, তারিখঃ ০৪/০২/২০১৫খ্রিঃ, ঠিকানাঃ গ্রাম- ঝালতলা, ডাক- শরাফপুর, উপজেলাঃ ডুমুরিয়া, জেলাঃ খুলনা এর কার্যক্রম ০১ (এক) বছরের অধিককাল বন্ধ রয়েছে। উক্ত কারণে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ৫৩(ঙ) ধারা অনুযায়ী সমিতির নিবন্ধন কেন বাতিল করা হবে না মর্মে এ কার্যালয়ের ০৭/১১/২০২৩ খ্রি. তারিখের ১০৬৮ নম্বর স্মারকে সমিতি কর্তৃপক্ষ বরাবর কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। নোটিশের জবাব প্রদানের জন্য ২৮/১১/২০২৩খ্রি: তারিখ পর্যন্ত সময় প্রদান করা হলেও অদ্যাবধি কারণ দর্শানো নোটিশের কোন জবাব পাওয়া যায়নি।

যেহেতু নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত কারণ দর্শানো নোটিশের কোনরূপ জবাব সমিতি কর্তৃপক্ষ কর্তৃক দাখিল করা হয়নি। সেহেতু সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) ধারায় অর্পিত ক্ষমতাবলে সমিতিটির নিবন্ধন এতদ্বারা বাতিল করা হল।

২৬-১২-২০২৩

সৈয়দ জসীম উদ্দিন

জেলা সমবায় অফিসার

০৪১ ৭২১৬৬৮

dcokhulna@gmail.com

নম্বর: ৪৭.৬১.৪৭০০.০০০.৩৩.১৬৭.২০.১৩১২/১ (২)

১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব তমিনা রায়, সভাপতি, ঝালতলা মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ, ঠিকানাঃ গ্রাম- ঝালতলা, ডাক- শরাফপুর, উপজেলাঃ ডুমুরিয়া, জেলাঃ খুলনা এবং

২। উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, উপজেলা সমবায় অফিস, ডুমুরিয়া, খুলনা।



২৬-১২-২০২৩

সৈয়দ জসীম উদ্দিন

জেলা সমবায় অফিসার